**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়, বিআরটিএ ভবন**
**নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।**
**(এনফোর্সমেন্ট শাখা)**
**www.brta.gov.bd**

**২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নৈতিকতা কমিটির সভার (৪র্থ প্রান্তিক) কার্যবিবরণী।**

সভাপতি ঃ নুর মোহাম্মদ মজুমদার
চেয়ারম্যান, বিআরটিএ।
সভার তারিখ ঃ ২৭.০৪.২০২৩ খ্রিঃ
সময় ঃ বেলা ১১.০০ টা
সভার স্থান ঃ বিআরটিএ-র সম্মেলন কক্ষ, ঢাকা।

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (এনফোর্সমেন্ট) গত ৩১.০১.২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩য় প্রান্তিকের সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সদস্যদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিষয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে ও বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (সকল) বিআরটিএ |
| ২. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ৪র্থ কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী জরুরী ভিত্তিতে সভা আয়োজনের এবং ভোক্তা অধিকারসহ সকল অংশীজন বিশেষকরে মাঠ পর্যায়ে সেবা গ্রহীতাকেও আগামী সভায় উপস্থিত রাখার নির্দেশনা প্রদান করেন। | আগামী মে, ২০২৩ মাসের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সকল অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৩. | ক) সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮<br>খ) সরকারী কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯<br>গ) সরকারী চাকরী আইন, ২০১৮<br>ক) সচিবালয় নির্দেশমালা, ২০১৪<br>খ) ই নথি<br>গ) তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিস্ট বিষয়সমূহ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারে (১.৪.১) ক) সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ খ) সরকারী কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ গ) সরকারী চাকরী আইন, ২০১৮ এবং (১.৪.৩) ক) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ খ) ই নথি গ) তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিস্ট বিষয়সমূহ সংক্রান্ত প্রশিক্ষণ নির্ধারিতি/যথা সময়ের মধ্যে আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | (১.৪.১) ক) সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ খ) সরকারী কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ গ) সরকারী চাকরী আইন, ২০১৮ এবং (১.৪.৩) ক) সচিবালয় নির্দেশমালা, ২০১৪ খ) ই নথি গ) তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিস্ট বিষয়সমূহ সংক্রান্ত প্রশিক্ষণ নির্ধারিতি/যথা সময়ের মধ্যে আয়োজন করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |
| ৪. | কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি)। | | | |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| (ক) অব্যবহৃত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ | | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারে আগামী ২৫.০৬.২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অকেজো মালামাল নিষ্পত্তিকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে অকেজো মালামাল নিষ্পত্তিকরণের নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে অকেজো মালামাল নিষ্পত্তিকরণের কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ৪র্থ প্রান্তিকে অকেজো মালামাল নিষ্পত্তিকরণের প্রতিবেদন এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| (খ) পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা | | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারে আগামী ২০ জুন ২০২৩ এর মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা রয়েছ। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে এবং ৪র্থ প্রান্তিকে অনুষ্ঠিত পরিচ্ছন্নতার অভিযানের প্রতিবেদন এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ৫. | অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (প্রকল্পের ক্রয় পরিকল্পনাসহ) | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ৪র্থ কোয়ার্টারে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০০% ((পঞ্চাশ শতাংশ) আগামী ৩১ জুন, ২০২৩ এর মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছ। সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। একই সাথে সভাপতি বাজেট বরাদ্ধের পুন:বিভাজন/সংশোধন থাকলে বাজেট প্রণয়ন সংশোধন করতঃ নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে আপলোড করার নির্দেশনা প্রণয়ন করেন। | ৪র্থ কোয়ার্টারে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ১০০% (পঞ্চাশ শতাংশ) বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (সকল)/ উপপরিচালক (অর্থ) বিআরটিএ |
| ৬. | বাজেট বাস্তবায়ন | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য় কোয়ার্টারে আগামী ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে মোট বাজেটের ১০০% বাস্তবায়ন করতে হবে।<br><br>নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরের ক্রয় পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে বাজেট বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | আগামী ৩০ জুন, ২০২৩ তারিখের মধ্যে মোট বাজেটের ১০০% বাস্তবায়ন করতে হবে। প্রমাণক হিসেবে iBAS++ প্রতিবেদন অত্র শাখায় প্রেরণ করতে হবে। | উপপরিচালক (অর্থ) বিআরটিএ |
| ৭. | ঢাকা ও চট্টগ্রাম মেট্রো সার্কেলগুলোতে দালাল বিরোধী অভিযান পরিচালনা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৪র্থ কোয়ার্টারে ১০০ টি অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে এপ্রিল/২০২৩ পর্যন্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ২৫ টি অভিযান পরিচালনা করা হয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহণ করে লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করেন। | ৪র্থ কোয়ার্টারে ১০০টি অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা নিশ্চিত করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |
| ৮. | বিআরটিএ'র বিভিন্ন জনবান্ধব ও জনসচেতনতা মূলক সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ কর্তৃক ৪র্থ কোয়ার্টারে ৫০টি সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। ৪র্থ কোয়ার্টারে এপ্রিল/২০২৩ পর্যন্ত ৩০ টি সেবা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>সভাপতি জনসচেতনতা, সতর্কতা, ডিজিটাল সেবা এবং অন্যান্য সেবামূলক বিজ্ঞপ্তি প্রচারের নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা বিজ্ঞপ্তি সংক্রান্ত প্রকাশ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯. | রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন ট্যাগ (আরএফআইডি) সহ মোটরযানে রেট্রো-রিফ্লেক্টিভ নম্বরপ্লেট সংযোজন না থাকা মোটরযানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, সভাপতি বলেন, ৪র্থ প্রান্তিকে (এপ্রিল-জুন) রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন ট্যাগ (আরএফআইডি) সংযোজন না থাকা মোটরযানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য পুলিশ ও বিআরটিএ-র সমন্বয়ে ০৬ (ছয়) টি যৌথ অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী যৌথ অভিযান পরিচালনার নির্দেশনা প্রদান করেন। | ৪র্থ প্রান্তিকে (এপ্রিল-জুন) রেডিও ফ্রিকুয়েন্সি আইডেন্টিফিকেশন ট্যাগ (আরএফআইডি) সংযোজন না থাকা মোটরযানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য পুলিশ ও বিআরটিএ-র সমন্বয়ে ০৬ (ছয়) টি যৌথ অভিযান পরিচালনা করতে হবে। এপ্রিল মাসে ০২ টি অভিযান পরিচালক (রোড সেফটি), কর্তৃক সমন্বয় করা হয়েছে। মে মাসে ০২ টি অভিযান পরিচালনা সমন্বয় করবেন পরিচালক (ইঞ্জি:), এবং জুন মাসে ০২ টি অভিযান পরিচালনা সমন্বয় করবেন পরিচালক (অপারেশন)। | পরিচালক (এনফোর্সমেন্ট)/ রোড সেফটি/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশন বিআরটিএ |
| ১০. | নির্দিষ্ট স্টপেজ ব্যতীত যত্রতত্র/রং পার্কিং বন্ধ করণ সংক্রান্ত আলোচনা। | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, আগামী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ এর বাহিরে কর্মপরিধির মধ্যে ১ম প্রান্তিকে (জুলাই-সেপ্টেম্বর) একটি নতুন কর্ম-পরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>তিনি বলেন, ঢাকা মহানগরে নির্দিষ্ট স্টপেজ ব্যতীত যত্রতত্র/রং পার্কিং করায় রাস্তার যানজটের সৃষ্টি হয়। নির্দিষ্ট স্টপেজ ব্যতীত যত্রতত্র/রং পার্কিং বন্ধে পুলিশ ও বিআরটিএ সমন্বয়ে বিশষ অভিযান পরিচালনা করা যেতে পারে।<br>সভাপতি বলেন, গণপরিবহনে রাস্তার মাঝখান থেকে যত্রতত্র যাত্রী উঠা নামা করে যার ফলে সড়কে দূর্ঘটনা ঘটে। তিনি নির্দিষ্ট স্টপেজ ব্যতীত যত্রতত্র/রং পার্কিং বন্ধ নিশ্চিত করার জন্য পুলিশ ও বিআরটিএ-র সমন্বয়ে ০৯ টি বিশেষ অভিযান পরিচালনা করার নির্দেশনা প্রদান করেন। | নির্দিষ্ট স্টপেজ ব্যতীত গণপরিবহনে রাস্তার মাঝখান থেকে যত্রতত্র যাত্রী উঠা নামা বন্ধ এবং যত্রতত্র/রং পার্কিং বন্ধ নিশ্চিত করার জন্য পুলিশ ও বিআরটিএ-র সমনবয়ে ০৯ টি বিশেষ অভিযান পরিচালনা করতে হবে।<br>জুলাই মাসে ০৩ টি অভিযান পরিচালনা সমন্বয় করবেন পরিচালক (রোড সেফটি), মে মাসে ০৩ টি অভিযান পরিচালনা সমন্বয় করবেন পরিচালক (ইঞ্জি:), এবং জুন মাসে ০৩ টি অভিযান পরিচালনা সমন্বয় করবেন পরিচালক (অপারেশন)। | পরিচালক রোড সেফটি/ ইঞ্জিনিয়ারিং/ অপারেশন বিআরটিএ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোনঃ ০২-৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯- ২৬০

তারিখঃ১৪-০৫-২০২৩ খ্রিঃ।

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১। পরিচালক (এনফোর্সমেন্ট/অডিট ও আইন/প্রশাসন), বিআরটিএ সদর কর্যালয়, বনানী, ঢাকা।
২। পরিচালক (ইঞ্জিনিয়ারিং/অপারেশন/রোড সেফটি/প্রশিক্ষণ), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন/অর্থ), বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৪। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১। চেয়ারম্যান মহোদয়ের এর একান্ত সচিব, সদর কার্যালয়, বিআরটিএ, বনানী, ঢাকা।

২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ০২-৫৮১৫৪৭০২২